

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

৭৪/১
২০৫

[প্রজ্ঞাপন]

আদেশ নং- ০১৮/২০২১/কাস্টমস/২৪

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রি:।

বিষয় :- শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠান নির্দিষ্ট বন্ডিং মেয়াদের মধ্যে রপ্তানি সম্পন্ন করতে সক্ষম হচ্ছে না। ফলে, কাঁচামালের গুণগতমান অক্ষুন্ন থাকলেও উক্ত কাঁচামাল ব্যবহার করে রপ্তানি কার্য সম্পন্ন করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। বৈদেশিক মুদ্রা অর্জন ও রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচিত হতে পারে:


- (ক) পণ্যের গুণগতমান অক্ষুন্ন থাকতে হবে;
- (খ) কাঁচামাল ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানির সক্ষমতা থাকতে হবে;
- (গ) হালনাগাদ অডিট ও নবায়ন থাকতে হবে;

০২। বর্ণিতাবস্থায়, শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের (ইপিজেড, অর্থনৈতিক অঞ্চল ও হাই-টেক পার্ক এলাকায় অবস্থিত বন্ডেড প্রতিষ্ঠানসহ) আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কমিশনার এর নিকট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদন করলে, উক্ত আবেদনের প্রেক্ষিতে যদি উল্লিখিত শর্তাদি পরিপালিত হয়; সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে কমিশনার এর সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কেস টু কেস ভিত্তিতে পণ্যের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা করতে পারে।

০৩। এমতাবস্থায়, The Customs Act, 1969 এর Section-119A ও এর সাথে পঠিতব্য একই আইনের Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

উপ-পরিচালক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য)




নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০১১.২০১৯/২৪ (২৮)

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রি:।

অনুলিপি অবগতির জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২-৪। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।
- ৫-৬। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৭-১২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
- ১৩-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট/ রাজশাহী/যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।
- ১৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ২০। পি.এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২১। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা।
- ২২। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।
- ২৩। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আত্রাবাদ, চট্টগ্রাম।
- ২৪। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ শিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
- ২৫। সভাপতি, বিকেএমইএ, প্রানার্স টাওয়ার (১৩ তলা) ১৩/এ সোনাগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
- ২৬। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।
- ২৭। সভাপতি, বাংলাদেশ ফেডারেশন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
- ২৮-২৯। অফিস কপি/গার্ড কপি।



(মোঃ শহীয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮০১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

ofc